ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩১৪

মোহনপুর, ১২ আগস্ট,২০২৫

**মোহনপুর ব্লকে ৮৯ জন**
**কৃষকের কাছ থেকে ধান ক্রয়**

মোহনপুর মহকুমায় মোহনপুর ব্লকের মোহিনীপুরস্থিত সরকারি খাদ্য গুদামে ১০-১১ আগস্ট কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান কেনা হয়েছে। এই ধান ক্রয় কেন্দ্রে ৮৯ জন কৃষকদের কাছ থেকে ১৪৬.৬৯০ মেট্রিকটন ধান কেনা হয়েছে। কুইন্টাল প্রতি ২৩০০ টাকা ন্যূনতম সহায়কমূল্যে ধান ক্রয় করা হয়েছে। মোহনপুর মহকুমা খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক কার্যালয়ের আধিকারিক এই সংবাদ জানিয়েছেন।

*****